Shaping our Future
Clinical Services

GIG CYMRU NHS WALES
Bwrdd Iechyd Prifysgol Caerdydd a'r Fro
Cardiff and Vale University Health Board

আমাদের ভবিষ্যৎ স্বাস্থ্য সেবাকে গড়িয়া তুলা 2020/2030



সংক্ষিপ্ত বিবরন

কার্ডিফ এবং ভেইল অব গ্ল্যামরগানে বসবাস কারি বাসিন্দাদেরকে স্থানীয় স্বাস্থ্য সেবা প্রদান করিয়া থাকে কার্ডিফ এন্ড ভেইল হেল্‌থ বোর্ড। সাউথ ওয়েলস এর জন সাধারনকে বিশেষজ্ঞ সেবা আমরাই প্রধানত সরবরাহ করে থাকি, এবং একই সাথে কিছু কিছু পরিসেবা সম্পূর্ণ ওয়েলস তথা বৃহত্তর ইউকে জুড়ে সরবরাহ করে থাকি।

সাথে সাথে আমরা একটি মুখ্য শিক্ষা ও গবেষনা প্রতিষ্ঠান এবং ওয়েলস এর অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখিতেছি। একটি বৃহৎ এবং জটিল NHS প্রতিষ্ঠান হিসাবে ইউকে-তে, আমরা অনন্য চ্যালেঞ্জের সম্মুখিন হই যেভাবে আমরা আমাদের সার্ভিস গড়িয়া তুলি, আমাদের স্টাফ এবং আমাদের পারিপার্শ্বিক অবস্থাতে।

উচ্চ-মান সম্পন্ন, নিরাপদ এবং টেকসই ভবিষ্যৎ সেবা প্রদানের নিশ্চয়তার জন্য, আমরা যেভাবে আমাদের কিছু পরিসেবা প্রদান করে থাকি তা রুপান্তরিত করিতে হইবে। প্রগ্রামের অংশ হিসাবে, আমাদের পরিকল্পনাকে বাস্তবায়িত করিতে সাহায্য করার জন্য আমরা আমাদের জনগনের মতামতও শুনতে আগ্রহি।

আমাদের সম্বন্ধে...

হেল্‌থ বোর্ড হিসাবে আমাদের স্বপ্নটি সহজ: আপনি যে ই হোন না কেন বা যেখানেই বাস করেন না কেন আপনারও স্বাস্থ্যকর জীবন যাপনের সমান সুযোগ পাওয়া উচিত। তা হওয়ার জন্য, আমাদের বর্তমান স্বাস্থ্য ব্যাবস্থাকে উন্নত করিতে হইবে যাতে তা ভবিষ্যৎ এর জন্য টেকসই হয়।

সেইপিং আওয়ার ফিউচার ওয়েলবিইং (আমাদের ভবিষ্যৎ কল্যাণ গড়া) কৌশলে জোর দেওয়া হইয়াছে আমরা যা যা করিয়া থাকি:

- প্রদান করি সংযুক্ত স্বাস্থ্য সেবা, জন সাধারনের বাড়ির কাছে এবং প্রয়োজন হইলে হাসপাতালে
- রোগির জন্য জরুরি এবং জন সাধারনের জন্য গুরুত্বপূর্ণ ফলাফল প্রদান
- অনিষ্ট, অপচয় এবং ভিন্নতা কমাইয়া আমাদের সার্ভিসের গুণগত মান উন্নয়ন, কার্য্যকারিতা এবং টেকসই বৃদ্ধি করা
- মানুষকে স্বাস্থ্যকর জীবনে সাহায্য করা এবং যেখানে সম্ভব নিজে-নিজে সামলানোর মত অবস্থাকে সাহায্য করা।

আমরা পরিকল্পনা করি, ব্যাবস্থা করি এবং প্রদাণ করি কার্ডিফ এবং ভেইল গ্ল্যামরগানের আনুমানিক ৫০০.০০০ লোকের স্বাস্থ্য সেবা। একই সাথে আমরা ১০০ এর উপরে বিশেষজ্ঞ সেবা আমাদের অঞ্চলে প্রদাণ করি যার মধ্যে কিছু কিছু সারা ওয়েলস ব্যাপি প্রদাণ করা হয়।

আমরা ১৪,০০০ এর উপর স্টাফ নিয়োজিত করি যারা হাসপাতালগুলোতে কাজ করেন এবং লোকজনের বাড়িতে এবং কমিউনিটি সেটিং গুলোতে সেবা প্রদাণ করিয়া থাকেন। আমরা একটি বৃহৎ শিক্ষা প্রতিষ্ঠান, যেখানে আমাদের ভবিষ্যৎ কর্মি বাহিনীকে প্রশিক্ষন দেওয়া হয়, আমাদের সাথে ইউনিভার্সিটি গুলোর ঘনিষ্ট সম্পর্ক রহিয়াছে। আমরা ওয়েলসএ অনেক গবেষণা কার্য্যক্রম পরিচালনা করে থাকি এবং গর্বিত যে আমরা কাটিং এজ চিকিতসা ও থেরাপির জন্য সম্মুখ সারিতে।

এই সকল সার্ভিস প্রদানের জন্য আমাদের বার্ষিক ব্যায় হয় আনুমানিক ১.৪ বিলিয়ন পাউন্ড।

আমাদের সেবা সমূহ

আমরা ব্যাবস্থা করি এবং প্রদাণ করি বিভিন্ন সেবা যেগুলো দেওয়া হয় হাসপাতালে, হেল্থ সেন্টারে, সার্জারিতে, জিপিতে, ডেন্টিস্টে, ফার্মেসিতে, অপটিসিয়ানে এবং কমিউনিটি সেবা সহ অন্যান্য স্থানে। একই সাথে আমরা পাবলিক হেল্থ ও হেল্থ প্রমোসন এর আয়োজন করি।

- **পাবলিক হেল্থ:** হেল্থ প্রমোসন, স্বাস্থ্য খাতে অসাম্যতা দূরীকরন, রোগ প্রতিরোধ বিষয়ক স্বাস্থ্য সেবা উপদেশ, স্বাস্থ্য ও কল্যাণ মূলক সার্ভিসে প্রবেশ

- **প্রাইমারি কেয়ার:** আমাদের ``সম্মুখ দরজা'' – জিপি সার্জারি, ফার্মেসি, ডেন্টিস্ট, অপটিসিয়ান এবং সেক্স্যুয়াল হেল্থ ক্লিনিক

- **কমিউনিটি সার্ভিস:** লোকাল হেল্থ সেন্টার, কমিউনিটি হাসপাতাল (যেমন সেন্ট ডেভিডস এবং ব্যারি), ডিস্ট্রিক্টস নার্সিং, পডিয়াট্রি, হেল্থ ভিজিটিং এবং কমিউনিটি নার্সিং

- **স্পেশালিস্ট হাসপাতাল:** আমাদের স্থানীয় এবং অঞ্চলের জন সাধারনকে বিশেষজ্ঞ স্বাস্থ্য সেবা প্রদাণ করা হইতেছে ইউনিভার্সিটি হাসপাতাল লানডাফ, ইউনিভার্সিটি হসপিটাল অব ওয়েলস এবং চিল্‌ড্রেনস হসপিটাল ফর ওয়েলস্‌এ ।

পরিবর্তনের কারন

আমাদের জনগন

- ক্রম বর্ধমান – ৫০০,০০০+ এবং আগামি ১০ বছরে ২০% বাড়িবে
- বয় বৃদ্ধি – ৮৫+ এবং আগামি ১০ বছরে ৪০% বাড়িবে
- সামাজিক একাকিত্ব – আমাদের জন সংখ্যার দুর্বল বা ভালনারেবল ২৫% অংশ জানাইয়াছেন যে তারা একাকিত্বে ভুগিতেছেন একই সাথে তারা হ্রাসকৃত মানসিক কল্যাণ এবং স্বল্পকালীন আয়ুস্কাল ও এর সাথে ও সংশ্লিষ্ট
- ক্রমবর্ধমান দীর্ঘ মেয়াদি রোগ বালাই এবং মানসিক অস্বাস্থ্য – এর সাথে সংশ্লিষ্ট অতি মন্দ শারিরীক অবস্থা এবং শিক্ষা ও চাকরির স্বল্পতা।
- স্বাস্থ্য এবং সামাজিক অসাম্যতা – ওয়েলস্ এর মধ্যেকার কিছু কিছু চরম বঞ্চিত এলাকা।
- অস্বাস্থ্যকর জীবন যাপনের জন্য অকাল মৃত্যু ।

এই সব বিষয় মোকাবেলা করার জন্য, আমরা ঘনিষ্টভাবে কাজ করি কার্ডিফ কাউন্সিল, দি ভেইল অব গ্ল্যামরগান কাউন্সিল এবং তৃতীয় পক্ষ (স্বেচ্ছাসেবি বিভাগ) প্রতিষ্ঠান এর সাথে, যাতে সমন্বিত ভাবে স্বাস্থ্য ও সামাজিক পরিসেবা প্রদান করা যায়।

আমাদের কর্মি বাহিনী

এই অঞ্চলে আমরা সর্ব্বোচ্চ নিয়োগ দাতাদের মধ্যে অন্যতম আমাদের ১৪,০০০+ স্টাফ আছেন।

- NHS এর জন্য প্রশিক্ষন দিতেছি, সংগ্রহ করিতেছি এবং নিয়োগ দিতেছি বিশ্ব মানের কর্মি বাহিনী ।
- শিক্ষার জন্য জাতীয় মান সম্পন্ন পরিবেশ, প্রশিক্ষন এবং কাজ
- আমাদের বিল্ডিং গুলো রোগির কল্যানে ইতিবাচক প্রভাব ফেলিবে।
- ভবিষ্যৎ হাসপাতাল, প্রাকৃতিক আলো, গোপনীয়তা, খোলা সতেজ বাতাস
- আধুনিক সংক্রমন নিয়ন্ত্রন মান
- বর্তমান ও ভবিষ্যৎ টেকনলজির জন্য ভবিষৎ উপযোগি পরিবেশ

ওয়েলস্ এর সর্ব বৃহৎ হাসপাতাল হল ইউনিভার্সিটি হসপিঠাল অব ওয়েলস । ১৯৫০ সালে পরিকল্পনা মাফিক প্রতিষ্ঠিত এই হাসপাতাল বর্তমান সময়ের জন্য আর উপযোগি নয়।

আমাদের সার্ভিস সমূহ পুর্নবিন্যাসের মাধ্যমে, আমাদের লক্ষ্য টেকসই , পরিবেশগত পদ চিহ্ন হ্রাস করার মাধ্যমে বিশ্বে চালকের আসনে স্থান নেওয়া এবং সেই লক্ষ্যে উপযোগি বিল্ডিং তৈরি করা।

নতুন প্রবর্তন

আমাদের জনগনের জন্য নতুন এবং সর্বশেষ থেরাপি সৃষ্ঠি করা এবং তাদের কাছে তা পেৌছোনো।

- প্রেসিশন মেডিসিন – যেমন ক্যান্সার এর চিকিতসা অথবা ক্যান্সার না হওয়ার জন্য জেনেটিক তথ্য।
- পয়েন্ট-অব-কেয়ার পরীক্ষা – রোগির বাড়ির কাছাকাছি ডায়াগনসিস ব্যাবস্থা নিয়া আসা।
- ডিজিটাল টেকনলজি – জনগনকে তাদের বাড়ির কাছাকাছি উন্নত সেবা প্রদানের সুযোগ দেওয়া।
- অর্থনীতি , পরিবেশ এবং জলবায়ু জরুরি অবস্থা।
- লাইফ সাইন্স সেক্টর : ওয়েলস্ এর অর্থনীতিতে অবদান রাখা একটি গুরুত্বপূর্ণ বিভাগ।
- ইউরোপের একটি বৃহত্তর NHS প্রতিষ্ঠান , স্থানীয় অর্থনীতি ও শ্রম বাজারে বড় অবদান রাখা।
- ভবিষ্যৎ প্রজন্মের কল্যাণে আমাদের ভূমিকা পালন করিতেছি, ওয়েলস্ গভর্ণমেন্ট।

সেইপিং আওয়ার ফিউচার ক্লিনিক্যাল সার্ভিসেস হল আমাদের প্রগ্রাম পুনর্বিন্যাস, যা পরিচালনা করা হয় ক্লিনিসিয়ান : ডাক্তার, নার্স, থেরাপিস্ট এবং সাইন্টিস্ট দ্বারা এবং বিন্যাস করা হয় রোগি ও কেয়ারারদের জন্য এবং তাদের সাথে একত্রে।

ক্লিনিক্যাল পাথওয়েতে সম্ভাব্য পরিবর্তন

প্ল্যানড্ এন্ড ইলেক্টিভ কেয়ার অনুসন্ধান ও চিকিতসা যার জন্য আয়োজন ও পরিকল্পনা করা যাইতে পারে: নতুন সুত্রপাত বা দীর্ঘ মেয়াদী অবস্থা বা উপসর্গ , যেমন ব্যাথাযুক্ত নিতম্ব বা হিপ , পেটের সমস্যা।

আমাদের লক্ষ্য দ্রুত কার্য্যকর সুরক্ষিত ডায়াগনস্টিক বা চিকিতসা ব্যাবস্থাতে প্রবেশ, বাতিল বা বিলম্ব কমানো ; বাড়িতে বা কমিউনিটিতে সার্ভিস যেমন দীর্ঘ মেয়াদী অবস্থাকে পর্য্যবেক্ষন ; জটিল চাহিদার রোগিদের জন্য সমন্বিত সেবা প্রদাণ , সঠিক ব্যাক্তি কতৃক লোকজনকে সেবা প্রদান এবং বাতিল হওয়া বা বিলম্ব হওয়াকে কমানো।

সম্ভাবনা আছে এই সকল সার্ভিসকে জরুরি সেবা সার্ভিস থেকে পৃথক করা হইবে , এর অর্থ হইতে পারে বর্তমানে যে সব স্থানে এ ধরনের সেবা দেওয়া হইতেছে তা সেই স্থান থেকে

সরাইয়া অন্যত্র নেওয়া হইতে পারে। এর মাধ্যমে এই সব পরিকল্পিত সেবা প্রদাণের আরো নিশ্চয়তা দেওয়া সম্ভব।

আমার জন্য এর মানে কি ?

আপনাকে হাসপাতালে যাওয়ার পরিবের্তে হয়ত আপনাকে এপয়েন্টমেন্ট দেওয়া হইতে পারে অনলাইন ডাক্তারে , ফোনে , বাড়িতে বা স্থানীয় কমিউনিটিতে। আপনি হয়ত কিছু পরীক্ষা বা অনুসন্ধান যেমন এক্সরে অথবা এমন কি কিছু চিকিতসাও স্থানীয় কমিউনিটি হেল্‌থ এন্ড ওয়েলবিইং সেন্টারে করাইতে পারিবেন।

ইমার্জেন্সি এন্ড আর্জেন্ট কেয়ার কভার করে প্রাণ হারানোর মত সঙ্কটকর অবস্থা এবং সারা জীবনের জন্য পরিবর্তন কারী অবস্থা সমুহ যে সব মুহূর্তে অত্যান্ত দ্রুত ও নিবিড় চিকিতসা প্রয়োজন এবং / অথবা এমন এক সমস্যা যা ঐ দিনই মনযোগ দেওয়া দরকার , যেমন গুরুতর বুকে ব্যাথা , মাথায় আঘাত।

আমাদের লক্ষ্য হল এমন এক সিস্টেম বা ব্যাবস্থা করা যা রোগিদেরকে সরাসরি সঠিক সার্ভিসে সঠিক সময়ে এবং সঠিক স্থানে পৌছাইতে পারে ; কমিউনিটিতে কার্য্যকরি সমন্বিত জিপি এবং বিশেষজ্ঞ টিম , এবং নতুন উপায়ে আমাদের স্টাফরা নিরাপদে প্রতি সপ্তাহে ৭ দিন প্রতিদিন ২৪ ঘন্টা সেবা প্রদান করিবেন।

আমার জন্য এর মানে কি ?

কিছু কিছু পরীক্ষা যেমন এক্সরে , সিটি স্ক্যান ইত্যাদি এবং কিছু কিছু চিকিতসা ইত্যাদি স্থানীয় কমিউনিটিতে হেল্‌থ এন্ড ওয়েলবিইং সেন্টারে মিলবে যার দ্বারা আপনার যাতায়ত খরছ এবং সময় দুইই বাচাইতে পারিবেন। এ কারনে আপনাকে হয়ত আপনার স্থানীয় হাসপাতালের পরিবর্তে ইমার্জেন্সি বা আর্জেন্ট চিকিতসার জন্য অন্য কোথাও যাইতে হইতে পারে। আপনাকে হয়ত এর পুর্বে কল করিতে হইবে অথবা অনলাইন ফর্ম পুরন করিতে হইবে যাতে আপনি সেখানে যাওয়ার আগেই আপনার জন্য চিকিতসকরা প্রয়োজনিয় তথ্য পাইয়া যান।

উচ্চ মাত্রার বিশেষজ্ঞ সার্ভিস (টের্টিয়ারি সার্ভিস) কভার করে জটিল , অস্বাভাবিক বা বিরল রোগ বা আঘাত। এতে আছে দীর্ঘ মেয়াদী রোগি যাদের বিশেষজ্ঞ সেবা ও সাহায্যের প্রয়োজন।

আমাদের লক্ষ্য ওয়েলস্‌ ব্যাপি সকল পার্টনারদের সাথে কাজ করে একটি পরিস্কার পরিকল্পনা মাফিক বিশেষজ্ঞ সার্ভিস সৃষ্টি করা ; একটি স্থিতিস্থাপক, বিশেষ ভাবে প্রশিক্ষিত উচ্চ মানের কর্মি বাহিনী এবং বিভিন্ন প্রতিষ্ঠান ব্যাপি এই সব সার্ভিস প্রদাণের একটি পাথওয়ে দেওয়া।

আমার জন্য এর মানে কি ?

আপনার বিশেষজ্ঞ চিকিৎসার জন্য আপনাকে আরো দূরে কোথাও যাইতে হইতে পারে কোন বিশেষজ্ঞর সাথে দেখা করার জন্য । আউট পেসেন্ট ক্লিনিক এপয়েন্টমেন্ট স্থানীয় হাসপাতালে দেওয়া হইতে পারে , বাড়ি থেকে ভার্চিয়্যালি হইতে পারে অথবা স্থানীয় কমিউনিটিতেও হইতে পারে ।

কার্ডিফ রয়েল ইনফার্মারির হেল্থ এন্ড ওয়েলবিইং সেন্টার , ব্যারি হাসপাতাল এবং উত্তর কার্ডিফ যে সব সেবা প্রদান করিবেন তার মধ্যে আছে এক্সরে , আল্ট্রা সাউন্ড , আউট পেসেন্ট , জিপি আউট অব আওয়ার সার্ভিস , কমিউনিটি মেন্টাল হেল্থ টিম এবং চিল্ড্রেনস সার্ভিস ।

ওয়েলবিইং হাব গুলো পরিচালনা করিবে জিপি সার্ভিস , কমিউনিটি মিডওয়াইফ , চিল্ড্রেনস , প্রাইমারি মেন্টাল হেল্থ , কমিউনিটি এন্ড ইন্ডেপিন্ডেন্ট লিভিং ।

কোথায় হসপিটাল সার্ভিস হইতে পারে ?

ইউনিভার্সিটি হসপিটাল অব ওয়েলস্ (UHW) একটি বৃহৎ শিক্ষা দান কারী হাসপাতাল যা আমাদের স্থানীয় জনগনকে সেবা দাণ করিতেছে এবং এর স্পেশালিস্ট বিভাগ সমগ্র ওয়েলসকে সেবা প্রদাণ করিতেছে । এর বিশেষজ্ঞ সেবার মধ্যে উল্লেখযোগ্য হল ইমার্জেন্সি মেডিসিন , ইমার্জেন্সি সার্জারি , ক্রিটিক্যাল কেয়ার , মেজর ট্রমা , নিউরো সার্জারি , একিউট স্ট্রোক , নেফ্রলজি এন্ড ট্র্যান্সপ্লান্টেসন , রেডিওলজি , কার্ডিও থোরাএসিস , হেমাটলজি , ওমেন এন্ড চিল্ড্রেনস সার্ভিস ।

আমাদের স্বপ্ন হল একটি স্টেইট-অব-দি-আর্ট , টেকসই , এনার্জি এফিসিয়েন্ট ব্যাবস্থার মাধ্যমে উচ্চ মান সম্পন্ন অতি উচ্চ বিশেষজ্ঞ চিকিৎসা সেবা দেওয়া , অতি পীড়িত রোগি যাদের অবস্থা জটিল , জরুরি বা ২৪/৭ বিশেষজ্ঞ সাহায্যের দরকার তাদের আরোগ্য লাভের জন্য আদর্শ পরিবেশ , এবং শিক্ষা ও গবেষনার জন্য অনকূল পরিবেশ ।

ইউনির্ভাসিটি হসপিটাল লান্ডাফ (UHL) এর সার্ভিস গুলোর মধ্যে উল্লেখযোগ্য অর্থপেডিক ও স্পাইনাল সার্জারি , ব্রেস্ট সার্জারি ; বয়স্কদের সেবা , জেনারেল মেডিসিন , স্ট্রোক রিহ্যাবিলিটেসন , সিস্টিক ফাইব্রসিস এবং ইনপেসেন্ট মেন্টাল হেল্থ সার্ভিস ।

আমরা কল্পনা করি UHL একটি সমৃদ্ধ হাসপাতাল হিসাবে গড়িয়া উঠিবে যেখানে রোগিদেরকে অসাধারন বিশেষজ্ঞ সেবা দেওয়া হইবে , যাদের হাসপাতালে চিকিৎসা সেবা নেওয়ার দরকার আছে তবে তাদের অবস্থা স্থিতিশীল , পরিকল্পনা মাফিক সার্জারি বা প্রসিডিউরের প্রয়োজন আছে , বিশেষজ্ঞ পুনর্বাসনের প্রয়োজন অথবা ইনপেসেন্ট মেন্টাল হেল্থ সার্ভিসের প্রয়োজন আছে ।

গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়

যেহেতু আমরা কিভাবে এবং কোথায় চিকিৎসা প্রদান করিব তার পরিবর্তন ও উন্নতি করিতেছি, তাই সর্ব্বোচ্চ মান সম্পন্ন সেবা প্রদাণের জন্য আমাদের কিছু গুরুত্বপূর্ণ বিষয় চিন্তা করিতে হইবে।

আমাদের NHS স্টাফরা আমাদের সবচেয়ে বড় সম্পদ

ভবিষ্যৎ সেবা প্রদানের চাহিদা মাফিক কর্মি বাহিনী বৃদ্ধি পাইতেছে এবং উন্নতি লাভ করিতেছে।

- সুস্বাস্থ্য ও কল্যাণকে সাপোর্ট দিতেছে।
- শিক্ষা, প্রশিক্ষন, গবেষনা এবং উদ্ভাবন।

ডিজিটাল সমাধান অনেকের জন্য মানানসই হলেও সবার জন্য নয়

ডিজিটাল সরঞ্জাম দ্বারা সক্ষম হইলেও, প্রতিস্থাপন করিবে না, ফেইস-টু-ফেইস সার্ভিস।

- হেল্‌থ রেকর্ড ও ফলাফল দেখা; দেখিয়া এপয়েন্টমেন্টের ব্যাবস্থা করা
- আপনাকে সেবা দানকারি টিমের সাথে নিরাপদ যোগাযোগ।
- পরিধানযোগ্য যন্ত্র থেকে আপলোড করার মত তথ্য

কার্য্যকর যাতায়ত এবং জলবায়ু বান্ধব যান বাহন

বর্তমান এবং আগামি ১০ বছরের জলবায়ু জরুরি অবস্থা মোকাবেলা করার জন্য আমাদিগকে এখনই চুড়ান্ত সিদ্ধান্ত নিতে হইবে।

- উন্নত সুস্বাস্থ্য এবং কল্যাণ; সাইক্লিং / হাটা স্বল্প দুরত্বের জন্য এবং পাবলিক ট্র্যান্সপোর্ট দীর্ঘ যাতায়তের জন্য।

পরবর্তি পদক্ষেপ কি?

১। আমাদের দেওয়া সার্ভিস সমূহকে পরিবর্তন করার চাহিদার বিষয়ে আমাদের চিন্তাধারাকে আমরা পরীক্ষা করিতে চাই, কি ধরনের সমস্যা মোকাবেলা করিতে হইবে এবং এই পৃথক ভাবে সার্ভিস দেওয়ার ফলে কি লাভ করা সম্ভব তা সম্পূর্ণরুপে উপলব্ধি করা।

২। আমাদিগকে রোগিদের এবং চিকিৎসা সেবা দানকারী স্টাফদের সাথে কথা বলিয়া জানিতে হইবে কিভাবে চিকিৎসা সেবা প্রদান পরিবর্তন করা সম্ভব। এর মেয়াদকাল চলমান থাকিবে ১৯শে এপ্রিল ২০২১ পর্য্যন্ত।

৩। আমরা আপনাদের দেওয়া এই সকল ফিডব্যাক সাউথ গ্ল্যামরগান কমিউনিটি হেল্থ কাউন্সিল (CHC) এর সাথে শেয়ার করিব ।

৪। আমরা সামনে এগুনোর জন্য , আপনাদের এবং CHC এর মতামত শুনার উপর নির্ভর করে , আমাদের বোর্ডের জন্য সুপারিশ মালা তৈরি করিব ।

৫। আমরা এই সংশ্লিষ্টতার ফলাফল এবং উন্নত চিকিৎসা সেবা প্রদানের জন্য আমাদের পরবর্তি পদক্ষেপ আপনাদিগকে অবহিত করিব ।

৬। আমাদের পরিকল্পনার অগ্রগতির সাথে সাথে আমরা কিভাবে সার্ভিস পরিবর্তন করা সম্ভব সে বিষয়ে আপনাদের নিকট থেকে আরো বিস্তারিত মতামত আশা করিব , উদাহরন স্বরুপ হাসপাতাল , কমিউনিটি ও বাড়ি এসব স্থানের মধ্যে কোন কোন সার্ভিস এক স্থান থেকে অন্য স্থানে সরানো সম্ভব ।

৭। আমরা আমাদের চিকিৎসা সেবা , বিল্ডিংস , কর্মি বাহিনী এবং ডিজিটাল সিস্টেমে পরিবর্তন শুরু করিব ।

আপনার মতামত জানান ...

এটা গুরুত্বপূর্ণ যে যত বেশি সম্ভব মানুষ এই প্রগ্রাম সম্বন্ধে জানতে পারেন এবং তাদের মতামত দেন । আপনার ফিডব্যাক আমাদের চিন্তাধারাকে একটি রুপ দিতে সাহায্য করিবে ।

দয়া করে আমাদের ওয়েবসাইট দেখুন অথবা অধিক তথ্যের জন্য যোগাযোগ করুন এবং তার পর ফিডব্যাক ফর্ম ১৯শে এপ্রিল ২০২১ এর আগে পুরন করুন ।

দেখুন : www.shapingourfuturewellbeing.com

ইমেইল : engage.cav@wales.nhs.uk

কল করুন : ০২৯ ২১৮ ৩৬০৭৮

সোশ্যাল মিডিয়াতে খুজুন #ShapingOurCAV